

২২
গোপন

ঢাবিতে ছাত্র অসন্তোষ
তদন্তে আরো ২০
দিন সময়
চেয়েছে কমিশন

যাযায়ি রিপোর্ট

ঢাকা ইউনিভার্সিটিতে ছাত্র অসন্তোষের ঘটনা তদন্ত করতে গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিশনের চেয়ারম্যান জাতিস হাবিবুর রহমান খান বলেছেন, তদন্তের জন্য আরো ২০ দিন সময় চেয়ে সরকারের কাছে আবেদন করা হয়েছে। এতো অল্প সময়ে ঘটনার তদন্ত করা সম্ভব নয়। এ জন্য আরো সময় প্রয়োজন- এ কথা আগেই জানিয়েছিলেন তিনি। গতকাল তিনি সময় বাড়ানো প্রসঙ্গে বলেন, ঘটনার ব্যাপকতায় জন্য সময়সীমা যথেষ্ট নয়। আরো সময় প্রয়োজন। গতকালই এ সময় চেয়ে আবেদন করা হয়েছে বলে তিনি সাংবাদিকদের জানান। হাবিবুর রহমান খান বলেন, ক্রমে ক্রমে সাক্ষ্য আসছে, কিন্তু ঘটনার ম্যাটারিয়ালস পর্যাপ্ত পাওয়া যাচ্ছে না।

তদন্তে আরো ২০ দিন

(শেষ পৃষ্ঠার পর)

গতকাল রবিবার তদন্ত কমিশনের দশম কার্যদিবসে তিনি আরো বলেন, তিনটি ফেজে ঘটনাটি ঘটেছে। তবে প্রথমটির সঙ্গে দ্বিতীয় বা তৃতীয়টির লিঙ্ক এখনো পাওয়া যায়নি।

গতকাল দ্বিতীয় দফায় কমিশনে সাক্ষ্য দিলেন ঢাবি প্রক্টর প্রফেসর আ কা ফিরোজ। তাকেসহ মোট চারজন সাক্ষ্য দিয়েছেন। এ নিয়ে দশম কার্যদিবসে মোট ৪১ জনের সাক্ষ্য গ্রহণ করলো কমিশন।

গতকাল আরো যারা সাক্ষ্য দিয়েছেন তারা হলেন ঢাকা ইউনিভার্সিটির আইআর চেয়ারম্যান প্রফেসর রুখসানা কিবরিয়া, ঢাকা ইউনিভার্সিটির সহকারী প্রক্টর মোহাম্মদ সিদ্দিকুর রহমান খান ও এনটিভির ঢাকা ইউনিভার্সিটি রিপোর্টার ইব্রাহিম বিন হারুন।